

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ২২৮

-এ,

তারিখঃ ০৪ আগস্ট ১৪২৬ বঙ্গাব্দ
১৮ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়ঃ ফৌজদারী বিবিধ মামলার আদেশের কপি অনলাইনভিত্তিক সিস্টেমে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে বিচারাধীন ফৌজদারী মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ইতোমধ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এর ফলে হাইকোর্ট বিভাগের বিভিন্ন বেঞ্চেও পূর্বের তুলনায় অধিক সংখ্যক ক্রিমিনাল মিস মামলা প্রেরণ করা হচ্ছে এবং অসংখ্য ফৌজদারী মামলা নিষ্পত্তি হচ্ছে। সংশ্লিষ্ট আদালত হতে নিষ্পত্তি ও অনিষ্পত্তিকৃত নথি, মোশন এবং জামিন এর আদেশ ক্রিমিনাল মিস শাখায় প্রেরণের পর পুনরায় আদেশ টাইপ করতে হয় বিধায় নিষ্পত্তিকৃত মামলার আদেশের কপি সংশ্লিষ্ট শাখা ও দণ্ডরসমূহে প্রেরণে বিলম্ব হচ্ছে। ফৌজদারী বিবিধ মামলাসমূহের আদেশ যেন পুনরায় সংশ্লিষ্ট শাখায় টাইপ করতে না হয়, সে জন্য অনলাইন সিস্টেম চালু করতে ইতোমধ্যে বেঞ্চেও অফিসার ও সহকারী বেঞ্চেও অফিসারগণদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

সংশ্লিষ্ট বেঞ্চেও অফিসার ও সহকারী বেঞ্চেও অফিসারগণ ফৌজদারী বিবিধ মামলার আদেশের সফটকপি (ডকুমেন্ট ফাইল) সার্ভারে আপলোড করবেন। সংশ্লিষ্ট শাখার (ক্রিমিনাল মিস) দায়িত্বপ্রাপ্ত টাইপিস্ট সার্ভার হতে আদেশের কপি ডাউনলোড ও কপি করে নকল প্রস্তুত করবেন। এমতাবস্থায়, ফৌজদারী বিবিধ মামলার আদেশসমূহ দ্রুততার সহিত সার্ভারে আপলোড করার জন্য সংশ্লিষ্ট বেঞ্চেও অফিসার ও সহকারী বেঞ্চেও অফিসারগণকে এবং সার্ভার হতে আদেশের কপি ডাউনলোড ও কপি করে নকল প্রস্তুতের জন্য সংশ্লিষ্ট শাখার (ক্রিমিনাল মিস) টাইপিস্টগণকে নির্দেশ প্রদান করা হলো। বেঞ্চেও অফিসার, সহকারী বেঞ্চেও অফিসার এবং সংশ্লিষ্ট টাইপিস্টগণকে হাইকোর্ট বিভাগের সিস্টেম এনালিস্ট এর কার্যালয় হতে ইউজার আইডি, পাসওয়ার্ড এবং অন্যান্য প্রয়োজনীয় কারিগরি নির্দেশনা গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

এ নির্দেশনা আগামী ২৩/০৬/২০১৯ খ্রি. হতে কার্যকর হবে।

স্বাঃ/-

(মোঃ গোলাম রববানী)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ

স্বারক নং-

৫০৬২

-এ,

তারিখঃ ০৪ আগস্ট ১৪২৬ বঙ্গাব্দ
১৮ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ক্রমানুসার নয়):

১. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪. সহকারী রেজিস্ট্রার (ফৌজদারি-১/ফৌজদারি-২), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

A. Bhattacharya
২৬.০৬.১৭
(মোহাম্মদ আকতারুজ্জামান ভূইয়া)
ডেপুটি রেজিস্টার (প্রশাসন ও বিচার)